Economics Study Center
University of Dhaka

ইএসসি মাসিক ডাইজেস্ট

আগস্ট, ২০২১

Economics Study Center
University of Dhaka

বাংলাদেশের কর্মস্থলে নিরাপত্তার প্রতিশ্রুতি অব্যাহত রাখতে নতুন চুক্তি

২৫শে আগস্ট, বাংলাদেশ অ্যাকর্ডের প্রাক্তন স্বাক্ষরকারীরা বাংলাদেশের কর্মস্থলে নিরাপত্তার জন্য তাদের প্রতিশ্রুতি অব্যাহত রাখতে এবং এই কর্মসূচিকে অন্যান্য দেশে সম্প্রসারিত করতে, টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্পে স্বাস্থ্য ও সুরক্ষার জন্য আন্তর্জাতিক চুক্তি গঠনের ঘোষণা দেয় এবং ১ সেপ্টেম্বর স্বাক্ষরকারীদের নাম ঘোষণা করা হবে বলে জানা যায়। ২০২১ সালের ৩১ আগস্ট, বাংলাদেশের আগুন এবং ভবন নিরাপত্তার চুক্তি, শেষ হওয়ার পর ১ সেপ্টেম্বর নতুন এ চুক্তি কার্যকর হবে। আন্তর্জাতিক এ চুক্তির নতুন বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে বাংলাদেশের স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মসূচি এবং একটি বিশ্বাসযোগ্য বাজার জুড়ে সম্মতি ও জবাবদিহিতা ব্যবস্থা গড়ে তোলার প্রতি মনোনিবেশ করার প্রতিশ্রুতি। ব্র্যান্ড, ইউনিয়ন এবং শিল্পকারখানার সমন্বয়ে গঠিত আরএমজি সাসটেইনেবিলিটি কাউন্সিল (আরএসসি) নামে স্বতন্ত্র জাতীয় ত্রিপক্ষীয় প্ল্যাটফর্ম দ্বারা চুক্তিটি ইতিমধ্যেই বাংলাদেশে বাস্তবায়িত হয়েছে। অ্যাকর্ড ফর বাংলাদেশ ওয়ার্কার্স সেফটি চলে যাওয়ার পর এটি বাংলাদেশে কাজ করছে। বিজিএমইএ এর অন্যতম সহ-সভাপতি, শহীদুল্লাহ আজিম বলেন যে, এখন পর্যন্ত তারা শুধুমাত্র আরএসসির কাছে জবাবদিহি করছেন। আরএসসি বর্তমানে ব্র্যান্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সরকারের নিয়ন্ত্রণে রয়েছে। যেহেতু আরএসসি এখানে প্রায় তিন বছর ধরে কাজ করছে, তাই নতুন চুক্তি স্বাক্ষরের প্রয়োজন নেই।

Economics Study Center
University of Dhaka

© AP Photo/dpa/picture alli

সংকটে আফগান অর্থনীতি, বিশ্বব্যাংক ও আইএমএফ এর সহায়তা বন্ধ

গত ১৫ই আগস্ট কাবুল দখল করে নেয় তালেবান। জাতিসংঘের নিরাপত্তা পরিষদ ঘোষিত এ সন্ত্রাসী গোষ্ঠীটি ক্ষমতা দখলের পর থেকেই আফগানিস্তানে শুরু হয় মানবিক সংকট। বর্তমানে দেশটিতে মারাত্মক তারল্য সংকট দেখা দিয়েছে এবং জিনিসপত্রের দাম আস্বাভাবিকভাবে বাড়ছে। তালেবান ক্ষমতা দখলের পর দেশটি থেকে মুখ ফিরিয়ে নিয়েছে আন্তর্জাতিক সম্প্রদায়। দেশটির ব্যাংক বন্ধ হয়ে গিয়েছে, বৈদেশিক সাহায্যও স্থগিত করা হয়েছে। যুক্তরাষ্ট্রের ব্যাংকে জমা থাকা আফগানিস্তানের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছাড় না করার নির্দেশ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও মার্কিন কেন্দ্রীয় ব্যাংক। এছাড়াও বিশ্বব্যাংক এর এক মুখপাত্র বলেছেন যে তালেবান কিভাবে দেশ শাসন করার পরিকল্পনা করছে তা তারা মূল্যায়ন করছে এবং মূল্যায়ন শেষ হওয়ার আগ পর্যন্ত তারা আফগানিস্তানে সব রকম অর্থ সাহায্য বিতরণ বন্ধ রাখবে। বিশ্বব্যাংকের এই সিদ্ধান্ত আসে আইএমএফ - এ আফগানিস্তানের প্রবেশ বন্ধ করার এক সপ্তাহ পর। বর্তমানের এই অর্থনৈতিক দুরাবস্থা সম্পর্কে বিশ্বব্যাংক বলেছে যে আফগানিস্তানের অর্থনীতি নগদ অর্থের ওপর নির্ভরশীল, এখানকার ১০% মানুষের ব্যাংক অ্যাকাউন্ট আছে। অর্থনীতির পুরোটাই বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল। যদি আন্তর্জাতিক স্বীকৃতির মতো ঘটনা না ঘটে, সেখানে দারিদ্র্যের হার তো বাড়বেই, সেইসাথে অভিবাসন সংকট চরমে পৌঁছাবে।

Economics Study Center
University of Dhaka

মূল্যস্ফীতির চেয়ে কম আমানত সুদের হারকে অনুমতি দেবে না বাংলাদেশ ব্যাংক

চলতি মাসে বাংলাদেশ ব্যাংক পরিপত্র জারি করে ব্যাংকগুলোকে তিন মাস ও এর বেশি সময়কালের আমানতে মূল্যস্ফীতির চেয়ে কম আমানত সুদ না দিতে নির্দেশ প্রদান করে। ব্যাংকে হ্রাসকৃত সুদের হারকে সম্বোধন করে পরিপত্রে বলা হয়েছে যে অনেক মানুষ ব্যাংকে তাদের আমানতের সুদের হারের উপর নির্ভরশীল। সুদের হার কম হওয়ায় আমানতকারীরা ব্যাংকে বিনিয়োগে আগ্রহ হারাচ্ছে। কেন্দ্রীয় ব্যাংক একটি পূর্বাভাসও দিয়েছে যে নিম্ন আমানত সুদের হার ব্যাংকের ভবিষ্যত আমানতের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে এবং আর্থিক দায়-সম্পদ ব্যবস্থাপনার ভারসাম্যহীনতাও সৃষ্টি করতে পারে।

বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্যমতে, জুন ২০২১ এ ব্যাংকগুলোতে গড়ে আমানত সুদ হার ছিল ৪.১%, অথচ একই সময়ে মূল্যস্ফীতি ছিল ৫.৫৬%। মানুষ তাই আমানতের বদলের সঞ্চয়পত্র ক্রয়ের দিকে বেশি ঝুঁকছে,যেহেতু নিরাপদ ও মুনাফার হারও কয়েকগুণ বেশি। ২০২০-২১ অর্থবছরে নিট সঞ্চয়পত্র বিক্রয় হয়েছে ৪১,৯৫৯ কোটি টাকার যা আগের অর্থবছরের তুলনায় ৩ গুন বেশি।

Economics Study Center
University of Dhaka

তেল ও চিনির দাম আকাশছোঁয়া, ভোগান্তিতে জনসাধারণ

গত দুই সপ্তাহে স্থানীয় বাজারে ভোজ্য তেলের দাম প্রতি লিটারে ২-৩ টাকা এবং চিনির দাম প্রতি কেজিতে ১০টাকা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ১ লিটার খোলা সয়াবিন তেলের মূল্য ১২৮-১৩০ টাকা এবং বোতলজাত সয়াবিন তেলের মূল্য ১৫০ টাকা। আমদানিকৃত পরিশোধিত চিনির মূল্য ৭৮-৮০ টাকা কেজি এবং স্থানীয়ভাবে উৎপাদিত প্যাকেটজাত চিনির মূল্য ৮৫ টাকা কেজি। রাষ্ট্রীয় সংস্থার তথ্য অনুযায়ী, এক বছরের ব্যবধানে বাজারে ভোজ্য তেলের দাম ৪০ থেকে ৭০% এবং চিনির দাম ২৩.৫% বৃদ্ধি পেয়েছে। ব্যবসায়ীরা এই উচ্চমূল্যের জন্য আন্তর্জাতিক বাজারের ক্রমবর্ধমান মূল্য এবং উচ্চ আমদানি শুল্ককে দায়ী করেছেন। প্রতি কেজি চিনির ওপর কর বর্তমানে প্রায় ২৮ টাকা। সরকার বাজার হস্তক্ষেপের মাধ্যমে দাম স্থিতিশীল রাখতে চলতি অর্থবছরে ২.৭৩ লক্ষ টনের বেশি প্রয়োজনীয় পণ্য মজুদ করার সিদ্ধান্ত নিয়েছে যা গত অর্থবছরের তুলনায় ৫৫% বেশি।

Economics Study Center
University of Dhaka

জলবায়ু পরিবর্তন: মানবজাতির জন্য রেড কোড

বিগত ৯ আগস্ট প্রকাশিত **Intergovernmental Panel on Climate Change (IPCC)** এর জলবায়ু রিপোর্টে মানবজাতির জন্য জলবায়ু পরিবর্তনের প্রভাব উল্লেখ করা হয়। জাতিসংঘের মহাসচিব রিপোর্টটিকে 'রেড কোড' বলে ঘোষণা করেন। গত পাঁচ বছরের তাপমাত্রা (১৮৫০ থেকে বর্তমান পর্যন্ত) সর্বোচ্চ এবং আগামী দশ বছরে বৈশ্বিক তাপমাত্রা ১.৫ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পাবে। এছাড়া গত ২ মিলিয়ন বছরের তুলনায় বর্তমানে বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ সর্বোচ্চ ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির হার ১৯০১-১৯৭১ সময়কালের তুলনায় প্রায় তিন গুণ। এসকল পরিবর্তনের জন্য প্রাকৃতিক বিপর্যয়ের সংখ্যাও বেড়ে যাচ্ছে। এই পরিস্থিতি মোকাবেলায় ব্যাপক নীতিগত পরিবর্তনের উপর জোর দেন বিশেষজ্ঞরা।

ভয়াবহ ভূমিকম্পে ধ্বংসস্তূপ হাইতি

ক্যারিবীয় সাগর অঞ্চলের দ্বীপ দেশ হাইতির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের তিবুরণ উপদ্বীপে গত ১৪ই আগস্ট আঘাত হানে একটি শক্তিশালী ভূমিকম্প। রিখটার স্কেলে ৭.২ মাত্রার এ ভূমিকম্পটিকে ২০২১ সালের সবচেয়ে ভয়াবহ ভূমিকম্প এবং সবচেয়ে মারাত্মক প্রাকৃতিক দুর্যোগ। দুর্যোগের ফলে ভয়াবহ ক্ষতির সম্মুখীন হয়েছে দেশটি। প্রায় ২২০০ জনের বেশি মানুষের প্রাণহানির হয়েছে এবং হতাহতের সংখ্যা বেড়েই চলছে। কমপক্ষে ১,৩৬,৮০০ টি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। ইউনিসেফের অনুমান অনুযায়ী প্রায় পাঁচ লক্ষেরও বেশি শিশু ক্ষতিগ্রস্ত হয়েছে। ভূমিকম্পের পর প্রধানমন্ত্রী এবং ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি এরিয়েল হেনরি দেশে এক মাসব্যাপী জরুরি অবস্থা ঘোষণা করেন।

Economics Study Center
University of Dhaka

নিরাপদ শহর সূচক ২০২১ এ ৬০টি শহরের মধ্যে ঢাকা ৫৪তম

২৩ আগস্ট প্রকাশিত, দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ) কর্তৃক পরিচালিত গ্লোবাল সেফ সিটিস ইনডেক্স ২০২১- এ ৬০টি দেশের মধ্যে ৫৪তম স্থান অধিকার করেছে ঢাকা, যা ২০১৯ সালের ৫৬তম স্থান থেকে কিছুটা উন্নত। এনইসি কর্পোরেশনের পৃষ্ঠপোষকতায়, গ্লোবাল সেফ সিটিস ইনডেক্স একটি বিশ্বব্যাপী, নীতিগত বেঞ্চমার্কিং টুল যা ব্যক্তিগত, অবকাঠামো, স্বাস্থ্য, ডিজিটাল এবং পরিবেশগত নিরাপত্তা এই পাঁচটি স্তম্ভের ৭৬টি স্বতন্ত্র ক্ষেত্র দ্বারা শহুরে নিরাপত্তা পরিমাপের জন্য তৈরি করা হয়েছে। ঢাকা, পরিবেশ নিরাপত্তায় ৪৭তম, ডিজিটাল নিরাপত্তায় ৫৬তম, স্বাস্থ্য সুরক্ষায় ৫২ তম, অবকাঠামোগত নিরাপত্তায় ৫৫তম এবং ব্যক্তিগত নিরাপত্তায় ৫৪তম। দুই বছর আগের ৪৪.৬ এর তুলনায় ঢাকার এবারের মোট স্কোর ছিল ৪৮.৯, যা গড়ের থেকে অনেক কম। কোপেনহেগেন তালিকার শীর্ষে এবং ইয়াঙ্গুন তলানিতে অবস্থান করছে। প্রতিবেদনে দেখা গেছে যে, আয় এবং স্বচ্ছতা উচ্চ সূচক স্কোরের সাথে সরাসরি না হলেও দৃঢ়ভাবে সম্পর্কযুক্ত এবং হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স, বা এইচডিআই -তে উচ্চ স্কোর পাওয়া শহরগুলো সেফ সিটিস ইনডেক্সে ভালো ফলাফল করছে।

Economics Study Center
University of Dhaka

তথ্য সংগ্রহ:

ফারহা তাসনীম

লুবাবা মেহজাবিন প্রিমা

তাকরিম হোসেন

সহায়তায়ঃ

সারারা জাফরিন অহনা

নিলয় আমান

ইনজামামুল হক খান আলভী